চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা-১ আসনে পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নে ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ইউপি সদস্য ফিরোজা খাতুন এর আয়োজনে এই নির্বাচনী উঠান বৈঠক ও গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানুষের ভাগ্য উন্নয়নে দিন-রাত কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। বঙ্গবন্ধুকন্যা বিশ্বব্যাংককে চ্যালেঞ্জ করে নিজেদের অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করে বাংলাদেশের সক্ষমতা দেখিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় বিশ্বে বাংলাদেশ আজ রোল মডেল। দেশকে উন্নয়নের স্বর্ণ শিখরে পৌঁছাতে আগামী দিনেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প নেই।

আগামী সংসদ নির্বাচনে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনার সরকারকে আবারো ক্ষমতায় আনতে ভোটারদের প্রতি আহ্বান জানান তিনি। গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করা হচ্ছে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন,

সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ

জীবননগর উপজেলা সরকারি কর্মকর্তাদের সাথে ডিসির মতবিনিময়

চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সঙ্গে মতবিনিময় করছেন জীবননগর উপজেলার সরকারি কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক নেতা ও সাংবাদিকেরা।

আজ মঙ্গলবার বিকেলে জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।
সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃহাফিজুর রহমান বলেন, দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর ১৯৬৫ সাল পর্যন্ত চালু ছিল। কর্মকর্তারা ১৯৭৫ সাল পর্যন্ত এ স্থলবন্দরের নামে বেতন পেয়েছেন। স্থলবন্দরটি সঙ্গে ভারতীয় দূরত্ব বাংলাদেশের যেকোনো স্থলবন্দরের থেকে কম।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক কিসিঞ্জার চাকমা বলেন, চুয়াডাঙ্গা একটি সম্ভবনাময় জেলা। আমি জীবননগরসহ চুয়াডাঙ্গার চার উপজেলাকে সন্তানের মতো দেখি। আমি জীবননগরে আসার আগে ইউএনওকে দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দরের বিষয়ে সরেজমিনে প্রতিবেদন দিতে বলেছিলাম। ইতিমধ্যে প্রতিবেদন পেয়েছি। আমি দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর চালুর বিষয়ে উর্ধতন কতৃপক্ষের সঙ্গে আলোচনা করব। তবে এ বিষয়ে আমাদের বন্ধু রাস্ট্র ভারতের আগ্রহ কেমন সেটি জানতে হবে।

সভায় বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভুমি তিথি মিত্, জীবননগর উপজেলা আওয়ামী লীগের

সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ মানুষের আবু মো. আব্দুল লতিফ অমল।

এ ছাড়া উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানরা।

আলমডাঙ্গায় উপজেলা জামায়াতের নায়েবে আমির গ্রেপ্তার

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা পুলিশের বিশেষ ক্ষমতা আইন ও বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের করা নাশকতা মামলায় উপজেলা জামায়াতের নায়েবে আমির সেলিম রেজাকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার রাত সাড়ে ৮ টায় উপজেলার হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত সেলিম রেজা (৬১) উপজেলার হাটবোয়ালিয়া গ্রামের মৃত মহিউদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, সেলিম রেজার বিরুদ্ধে নাশকতার মামলা ছিল। দীর্ঘদিন যাবত তিনি আত্মগোপনে থাকায় তাকে গ্রেপ্তার করা সম্ভব হচ্ছিল না। গোপন সংবাদের ভিত্তিতে আজ মঙ্গলবার রাতে হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, নাশকতা মামলায় উপজেলা জামায়াতের নায়েবে আমির সেলিমকে গ্রেপ্তার করা হয়েছে। সে পলাতক থাকায় ইতোপূর্বে তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি।

চুয়াডাঙ্গার বেগমপুরে বীর মুক্তিযোদ্ধার ইন্তেকাল, রাষ্টীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ঝাঁঝরী গ্রামের বীর মুক্তিযোদ্ধা ইরশাদ আলী (৭৮),ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জানাযায় আজ মঙ্গলবার দুপুর ১ টার দিকে নিজ বাড়িতে অসুস্থ অবস্থায় মৃত্যুবরণ করে। আজ বিকাল ৫ টার দিকে ঝাঁঝরী গ্রামের মাঠে গার্ড অফ অনার প্রদান করেন চুয়াডাঙ্গা সদর উপজেলার সহকারী কমিশনার ভৃমি মোঃ সাজ্জাদ হোসেন,দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা।

রাষ্টীয় মর্যাদায় গার্ড অফ অনার শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পর্ন করে।

আলমডাঙ্গায় একসাথে তিন সন্তানের জন্ম

আলমডাঙ্গার কামালপুর গ্রামে এক সাথে তিন মেয়ে ও ছেলে সন্তানের জন্ম দিয়েছেন সাবিনা ইয়াসমিন (২৩) নামে এক গৃহবধূ।

আজ মঙ্গলবার সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে অস্ত্রোপচারেরর মাধ্যমে ২ মেয়ে ও ১ ছেলে সন্তানের জন্ম দেন তিনি।

সাবিনা ইয়াসমিন উপজেলার কুমারি ইউনিয়নের কামালপুর মক্তবপাড়ার সিঙ্গাপুর প্রবাসী মনিরুল ইসলামের স্ত্রী। ওই দম্পতি এই প্রথম তিন সন্তানের জন্ম দিয়েছেন।

২৫০ শয্যা বিশিষ্ট কুষ্টিয়া জেনারেল হাসপাতালের গাইনি চিকিৎসক ওই

গৃহবধূর অস্ত্রোপচার করেন।

পরিবার জানায়, মঙ্গলবার ভোর ৫ টার দিকে প্রসূতি সাবিনা ইয়াসমিনের শারীরিক অবস্থা খারাপ হলে স্বজনরা তাকে হাসপাতালে নিয়ে আসেন। আল্ট্রাসনোগ্রাফির মাধ্যমে তারা আগেই জানতেন তার গর্ভে তিনটি সন্তান রয়েছে। হাসপাতালে আনার সময় মায়ের গর্ভে শিশুদের নড়াচড়া কম ছিল। প্রসূতির শরীরে রক্তের পরিমাণও ছিল কম। এ কারণে বেলা সাড়ে ১১ টার দিকে দ্রুত তার অস্ত্রোপচার করা হয়। অস্ত্রপাচারের মাধ্যমে ওই নারী তিনটি ২ টি মেয়ে ১ টি ছেলে সন্তানের জন্ম দেন।

দর্শনায় ৫২ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় ৫২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া দক্ষিন পাড়ার আঃ রবের ছেলে আক্তারুল ইসলাম (৪৫)।

পুলিশ জানায় মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) দিবাগত রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় ছয়ঘরিয়া গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই শামিম রেজা এএসআই মামুনুর রহমান, এএসআই শেখ আবু হানিফ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে সীমান্তবর্তী ছয়ঘরিয়া গ্রামের আক্তারুল ইসলামের স্বীকারক্তিতে বসত বাড়ীর রান্না ঘরে। পুলিশ রান্না ঘরের ভিতর থেকে প্লাষ্টিকে মোড়ানো ৫২ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় এস আই শামীম বাদী হয়ে আক্তারুল ইসলামের বিরুদ্ধে ১৯৭৪ সালের মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

[redacted]

[redacted]

[redacted]

[

স্কুল ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪টায় ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনালে কলাবাড়ী রামনগর মাধ্যমিক বিদ্যালয় ও মদনা মাধ্যমিক বিদ্যালয় মুখোমুখি হয়। খেলায় নির্ধারিত সময়ে গোল না হওয়ায় ট্রাইবেকারে সমাপ্ত হয়। ট্রাইবেকারে মদনা মাধ্যমিক বিদ্যালয় ৪-৩ গোলে কলাবাড়ী রামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন বাফুফে সনদপ্রাপ্ত রেফারি ও ক্রীড়া শিক্ষক তারিকুল ইসলাম মাসুম,সহকারী হিসেবে দায়িত্ব পালন করেন আব্দুল খালেক ও ইব্রাহিম হোসেন। এর আগে কাবাডি প্রতিযোগিতা, হ্যান্ডবল প্রতিযোগিতা ও বালিকাদের ফুটবল ফাইনাল অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস,উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

এছাড়া উপস্থিত ছিলেন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক প্রমূখ। আলোচনা সভা শেষে সকল ইভেন্টে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের

চুয়াডাঙ্গায় জেলা জামায়াতের আমীর রুহুল আমিনসহ ৬ নেতাকর্মী আটক

বাংলাদেশ জামায়াত ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার সংগ্রামী আমীর বিশিষ্ট কর আইনজীবি মোঃ রুহুল আমিনসহ ৬ জনকে আটক করেছে চুয়াডাঙ্গা পুলিশ।

আজ সোমবার ১১ সেপ্টেম্বর দুপুরে একটি বিবাহ অনুষ্ঠানে যাবার সময় চুয়াডাঙ্গা কোর্ট মোড় থেকে বহনকারী মাইক্রোবাসে থাকা সঙ্গীসহ আটক করা হয়।

আটকৃতরা হলেন- চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর মোঃ রুহুল আমিন (৪৫), জামায়াতের চুয়াডাঙ্গা পৌর আমীর অ্যাডভোকট হাসিবুর রহমান ইব্রাহিম (৩৯), জামায়াত কর্মী মোঃ মাহসিন আলী (২৬), ইসলামী ছাত্রশিবিরের সাবেক জেলা সেক্রটারী হুমায়ন কবির (২৭), দৈনিক সংগ্রামের দামুড়হুদা উপজলা প্রতিনিধি মোঃ মাসুম বিল্লাহ ও বহনকারী গাড়ীর ড্রাইভার মোঃ মিনারুল ইসলাম (২৯)। এ সময় তারা একটি বিবাহ অনুষ্ঠানে যাবার জন্য বের হয়েছিল বলে সংগঠন সুত্র জানা গেছে। পুলিশ তাদের আটক করে একটি পুরাতন মামলার পলাতক আসামী হিসাবে সন্ধায় কোর্ট হাজতে প্রেরন করে।

এ দিকে জেলা জামায়াতের আমীর ও তার সঙ্গীদের গ্রেফতারের তীব্র নিদা ও নি:শর্ত মুক্তি দাবী করেছেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের নায়েব আমীর ও সাবেক উপজলা চেয়ারম্যান মাওলানা মো: আজিজুর রহমান ও জেলা সেক্রটারী অ্যাডভোকট মোঃ আসাদুজ্জামান। তারা অবিলম্বে রাজনতিক হয়রানীমূলক এসব মামলা প্রত্যাহারের দাবী জানিয়েছেন।

দর্শনায় পুরাতন বাজারে উন্নয়ন মুলক কাজের উদ্বোধন

দর্শনা পুরাতন বাজারে উন্নয়ন মৃলক কাজের ভিত্তি প্রস্তর স্থাপন ও উদ্ধোধন অনুষ্টান অনুষ্টিত হয়েছে। চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ,সদস্য হাজী মোঃ আলী আজগার টগর উন্নয়ন কাজ উদ্বোধনকালে তিনি উপস্থিত জনসাধারণকে বলেন, বর্তমান সরকার জনবান্ধব সরকার। বিশেষ করে সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বাস করেন তৃণমূল জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়ন না হলে দেশের জাতীয় উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব নয়। আর সেকারণে সরকার প্রতিনিয়ত জনগণের ভাগ্য উন্নয়নে কাজ করে যাচ্ছেন।

দর্শনায় প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় দর্শনা পৌরসভার পুরাতন বাজারে কাঁচা বাজার উন্নয়ন কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন চুয়াডাঙ্গা-০২ আসনের সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর। আজ সোমবার(১১ সেপ্টেম্বর) সকালে দামুড়হুদার দর্শনা বিভিন্ন উন্নয়নমুলক কাজের উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক শহিদুল ইসলাম,দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ সভাপতি শফিকুল আলম, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, জেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, দামুড়হুদা উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা নাজমৃল হক শাওন, দর্শনা পুরাতন
, বাজার কমিটির সভাপতি, আশরাফুল আলম বাবু,সাধারণ সম্পাদক সোহেল তরফদার, উপজেলা আ,লীগ, যুবলীগ ও ছাত্র লীগের নেতৃবৃন্দ উপস্থিত

□□□□□□